



তারিখঃ ২৫/১২/২০২২

পাখির অভয়ারণ্য প্রকল্প'২০২২

নিজস্ব কার্যক্রমের ধারাবাহিকতায় স্বাস্থিকের অনার্স শাখার তত্ত্বাবধায়নে সম্পন্ন হলো “পাখির অভয়ারণ্য প্রকল্প'২০২২”। নিজস্ব এলাকা বান্দাকে পাখির বসবাস উপযোগী করার লক্ষ্যে চলমান অভয়ারণ্য নির্মাণ প্রকল্পের ২য় ধাপে তালতারা নিবাসী ও স্বাস্থিকের অন্যতম নিয়মিত সদস্য চিরঞ্জিত বিশ্বাসের বাড়ি নির্বাচন করা হয়। গত বছর প্রথম ধাপে সমগ্র এলাকায় পাখির বসবাসের জন্য ভাঁড় দেওয়া হলেও এ বছর শুধু একটা নির্দিষ্ট জায়গায় অধিকহারে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয় এবং পরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন করা হয়।

পাখির অভয়ারণ্য প্রকল্প'২০২২ এর জন্য বাজেট বরাদ্দ দেওয়া হয় ৪০০০টাকা যা পুরোটাই দেওয়া হয় স্বাস্থিকের নিজস্ব তহবিল থেকে। মোট ২০০টি ভাঁড় দেওয়ার কথা থাকলেও জায়গা এবং অবস্থা বিবেচনা করে সর্বশেষ ১৫০টি ভাঁড় দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়।

প্রকল্পের দিন নির্ধারণ করা হয় ২২/১২/২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯.৩০ ঘটিকায়। স্বাস্থিক পরিবারের অধিকাংশ সদস্য নির্দিষ্ট সময়ের পূর্বেই স্বাস্থিকের নিজস্ব অফিসের সামনে উপস্থিত হয় এবং নির্ধারিত জায়গার উদ্দেশ্যে যাত্রা শুরু করে। সকাল ১০ঘটিকা থেকে কাজ শুরু করে দুপুর ২.৩০ ঘটিকা নাগাদ কাজ শেষ হয়। এই প্রকল্পে প্রকল্প সমন্বয়কের দায়িত্ব পালন করে অনার্স শাখার সদস্য জয়ানন্দ মন্ডল এবং সহ-সমন্বয়কের দায়িত্বে ছিলো তীর্থদীপ ঢালী। স্বাস্থিকের সদস্যের সহযোগিতায় প্রকল্পের কাজটি সফল ভাবে সম্পন্ন হয়।

আর্থিক বিবরণীঃ

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
১	ভাঁড়	১৫০০
২	যাতায়াত	২৫০
৩	নাস্তা	৪০
৪	রঙ, তুলি ও ব্রাস	২৭০
৫	চুন	৮০
৬	ব্লেড	১৫
৭	দড়ি	৩৭০
৮	গাছী	৩৫০
৯	প্যানা	১৪০
	মোট	৩০১৫

প্রকল্পে অনুমোদিত মোট টাকার পরিমাণ= ৪০০০ টাকা

প্রকল্পে মোট ব্যয়= ৩০১৫ টাকা

অবশিষ্ট= ৯৮৫ টাকা

প্রতিবেদক

জয়ানন্দ মন্ডল

২৫/১২/২০২২

অনার্স শাখা, স্বাপ্নিক